## ইন্টারসেক্স কার্যক্রমের

# প্রকাশ্যে বিবৃতি




৮-১১ ফেব্রুয়ারী, ২০১৮ ইন্টারসেক্স মানবাধিকার তহবিলের সহযোগীতায়  ‘প্রথম এশিয়া ইন্টারসেক্স ফোরাম’, থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত হয়।ফোরামটির উপস্থিত অংশগ্রহনকরীদের সম্মতিতে প্রতিষ্ঠীত হয় ‘ইন্টারসেক্স এশিয়া’।এটি প্রথম আঞ্চলিক ইন্টারসেক্স মানুষদের মানবাধিকার ভিক্তিক নেটওয়ার্ক সেখানে আন্ত:লিঙ্গ মানুষ, আন্ত:লিঙ্গ পন্থি সংগঠন, সম্প্রদায় ও আন্দোলনকর্মীরা উপস্থিত ছিলেন।

ফোরামটিতে হংকং(চীন), ভারত, ইন্দোনেশিয়া, মায়ানমার, নেপাল, পাকিস্তান, ফিলিপাইন, তাইওয়ান, থাইল্যান্ড এবং ভিয়েতনামের আন্ত:লিঙ্গ পন্থি সংস্থা ও সম্প্রদায়ের প্রতিনিধিত্বকারী ১৪ জন আন্ত:লিঙ্গ মানুষকে একত্রিত করা হয়েছিল।

ইন্টারসেক্স এশিয়ার লক্ষ্য, এশিয়াতে আন্ত:লিঙ্গ  মানুষদের পক্ষে মানবাধিকার প্রচার ও তাদের সুরক্ষায় কাজ করা। এশিয়ার আন্ত:লিঙ্গ মানুষদের প্রতিনিধিত্ব করে, বেঁচে থাকার অধীকার, শারীরিক অখন্ডতা, স্বাতন্ত্র এবং আন্ত:লিঙ্গ মানুষদের আত্মনিয়ন্ত্রণ নিশ্চিত করা ইন্টারসেক্স এশিয়ার লক্ষ্য।

এই মুহূর্তে এই আন্দোলনটি এশিয়ার একটি অন্যতম অপরিহার্য ফোরাম, যা আন্ত:লিঙ্গ মানুষদেরকে দৃশ্যমান এবং স্বীকৃতির জন্য একটি ঐতিহাসিক মুহূর্তকে চিহ্নিত করে।

সমগ্র এশিয়া জুড়ে চিকিৎসা সেবায় নিয়োজিত পেশাদারদের আন্ত:লিঙ্গ সম্পর্কিত বিষয়ে সচেতনতার অভাব রয়েছে যা অপ্রয়োজনীয় এবং অমানবিক চিকিৎসা পদ্ধতির দিকে নিয়ে যায়। যার মধ্যে আন্ত:লিঙ্গের শিশু, কিশোর এবং প্রাপ্তবয়স্কদের সার্জরিসহ অন্য চিকিৎসা পদ্ধতিগুলোকে ‘স্বাভাবিক’ বলে মনে করা হচ্ছে।

যেহেতু আন্ত:লিঙ্গ মানুষরা যৌনাঙ্গ, ডিম্বাশয়, হরমোন এবং ক্রোমজোমের নির্দেশনাসহ নানারকম যৌন বৈশিষ্ঠ নিয়ে জন্মগ্রহন করে। নারী ও পুরুষ দেহের সাধারন দ্বি-ধারনাটির মানদন্ডে তারা মানানসই নয়।আন্ত:লিঙ্গ শিশু এবং প্রাপ্তবয়স্কদের হরহামেশা অপবাদ দেয়া হয় এবং একধিক মানবাধিকার লজ্ঞনের শিকার হয়।যার মধ্যে স্বাস্থ্য ও শারীরিক অভেদ্যতার অধীকার লজ্ঞনসহ নির্যাতন ও দূর্ব্যবহার, যা থেকে মুক্তি এবং অসমতা ও বৈষম্য থেকে মুক্তির জন্য কাজ করবে এই ফোরাম।

আমরা এশিয়ার এমন একটি সমাজে বসবাসকরি যেখানে ঐতিহ্যবাহী সংস্কৃতি ও ধমীয় অনুশাসন, চিকিৎসা পদ্ধতি দ্বারা আন্ত:লিঙ্গ মানুষদের বৈষম্য, সহিংসতা এবং হত্যার বিষয়গুলো স্থায়ী করে তুলছে।অতএব আমাদের অবশ্যই সামাজিক, রাজনৈতিক এবং আইনী পরিবর্তনগুলো এগিয়ে যেতে সমর্থন করতে হবে।

ইন্টারসেক্স এশিয়া একটি স্বশাসিত নেটওর্য়াক এবং আন্ত:লিঙ্গ ব্যাক্তিদের নেতৃত্বাধীন সংগঠনগুলো নিয়ে গঠিত।যা এশিয়াতে আন্ত:লিঙ্গ ব্যাক্তিদের সম্পর্কে শিক্ষা, সচেতনতা বৃদ্ধি, মানবাধিকার লজ্ঞন এবং বৈষম্য দূরীকরনে কাজ করছে।

এশিয়া ইন্টারসেক্স ফোরাম এবং ইন্টারসেক্স এশিয়া তৃতীয় আন্তজাতিক ইন্টারসেক্স ফোরমের বিবৃতি নীতির কথা  স্মরন ও নিশ্চিত করে যা মালটা ঘোষনা হিসাবে পরিচিত, ILGA-ASIA -2017 এ প্রাক-সম্মেলন বিবৃতিতে এবং আন্ত:লিঙ্গ মানুষের বিরুদ্ধে বৈষম্য অবসানের লক্ষ্যে দাবীগুলো তুলে ধরা হয়।এশিয়ার আন্ত:লিঙ্গ মানুষদের  মানবাধীকার প্রচার ও সুরক্ষা এবং জীবনের অধিকার শরীর কাটাছেরা থেকে মুক্তির অধিকার এবং আত্মপরিচয় নিরুপণের (পাবলিক বিবৃতিটা  পড়ুন) দাবী তোলা হয়।

ব্যাংকক, থাইল্যান্ড
১১ ফেব্রুয়ারী ২০১৮

## মুখবন্ধ

আমরা নিশ্চয়তা দিচ্ছি আন্ত:লিঙ্গ মানুষ বাস্তবে এবং এশিয়ার সকল দেশ, অঞ্চল ও বিশ^ব্যাপী রয়েছি।সুতরাং আন্ত:লিঙ্গ মানুষদেরকে সামাজিক, রাজনৈতিক এবং আইনী পরিবর্তনগুলো/ ভিন্নতাগুলো সর্মথন করতে হবে।

আমরা এশিয়ার বিভিন্ন অঞ্চলে প্রতিনিধিত্বকারী আন্ত:লিঙ্গ কর্মীরা বৈষম্য নিরসনে একসাথে কাজ করছি এবং আন্ত:লিঙ্গ মানুষদের মানবাধিক প্রচার ও সুরক্ষায় সচেষ্ট।

## চাহিদাসমূহ:

• আন্ত:লিঙ্গ মানুষদের প্রতি যে দূর্ভোগ ও অবিচার হচ্ছে তা স্বীকার করা।

• আন্ত:লিঙ্গ মানুষদের প্রতি কুসংস্কারাচ্ছন্ন চিকিৎসা ও অপবাদ দেওয়ার কারণে তাদের যথেষ্ঠ ভীতি ও মানুষিক স্বাস্থ্যের উদ্বেগ দেখা দেয়।

• আন্ত:লিঙ্গ মানুষদেও অবস্থান উল্লেখ করে সমস্ত ক্ষেত্র অপবাদ অপসারণ করা।

• স্বীকার করা, আন্ত:লিঙ্গ হয়ে জন্ম হলো জৈবক যৌন বৈশিষ্ঠের সাথে সম্পর্কিত এবং তা যৌন দৃষ্টিভঙ্গি ও সামাজিক লিঙ্গ পরিচয় থেকে আলাদা। একজন আন্ত:লিঙ্গ মানুষ হয়তো বিষমপ্রেমী, নারীপ্রেমী, পুরুষপ্রেমী উভয়প্রেমী কিংবা অযৌন, হয়তোবা দৈহিকভাবে একজন নারী, পুরুষের মত কিংবা কোনটাই নয়।

• আইনী প্রক্রিয়ার মাধ্যমে যৌনাঙ্গে শল্য চিকিৎসা চর্চা স্বাভাবিকীকরণ এবং অন্যান্য পদ্ধতির মাধ্যমে মানসিক ও চিকিৎসা হস্তক্ষেপ বন্ধ করা।আন্ত:লিঙ্গ মানুষদের নিজস্ব শারিরীক অখণ্ডতা, শারিরীক স্বাতন্ত্র এবং আত্মনির্ধারণে নিজস্ব সিদ্ধান্ত গ্রহণে ক্ষমতায়িত হওয়া।

• প্রাক-জিনগত অবস্থা, প্রাক-প্রাকৃতিক অবস্থা এবং আন্ত:লিঙ্গ ভ্রুনে নির্ণিত হলে প্রাক-গর্ভপাতের অবসান ঘটাতে হবে ।

• আন্ত:লিঙ্গ ব্যাক্তি ও তাদের বৈচিত্র সম্পর্কে সচেতনতার অভাবের ফলে ভ্রুন এবং নবজাতক শিশুদের সামাজিক লিঙ্গ নির্বাচনে ঔষধের প্রয়োগ এবং চিকিৎসা হস্তক্ষেপের পদ্ধতিগুলো বন্ধ করতে হবে।

• আন্ত:লিঙ্গ ব্যক্তিদের  সম্মতিহীন নির্বীজীকরণ বন্ধ করতে হবে ।

• জন্মগত যৌন বৈশিষ্ঠ্যগুলোতে বৈচিত্র নির্ধারণ করতে চিকিৎসা অনুশীলন, নির্দেশিকা, পদ্ধতিগুলো এবং শ্রেনীবিন্যাস মানতে হবে, যেমন-বিশ্বস্বাস্থ্য সংস্থার আর্ন্ত:জাতিক  রোগনির্ণয় শ্রেনীবিন্যাস।

• প্রসবের আগে মানবাধিকার ভিত্তিক আন্ত:লিঙ্গ সম্পর্কিত শিক্ষা, কাউন্সিলিং এবং সহায়তা অন্তভর্’ক্ত করা।

• আন্ত:লিঙ্গ মানুষদের মধ্যে শিশুহত্যা, পরিত্যাগ, সম্মানরক্ষার্থে হত্যার অবসান করা।

• উওরাধিকারের প্রয়োজনীয়তা দেখিয়ে আন্ত:লিঙ্গ শিশুদের ওপর শল্য চিকিৎসাগুলি জোর করে স্বাভাবিকীকরণ অভ্যাসগুলো ত্যাগ করা।

• বন্ধ্যাত্বের ওজুহাত দেখিয়ে আন্ত:লিঙ্গ মানুষদের উত্তরাধীকারের অধীকারকে অস্বীকার না করা।

• আন্ত:লিঙ্গপন্থী সংস্থাগুলি এবং আন্ত:লিঙ্গ সমমনা সমর্থিত গোষ্ঠিগুলো যেন স্বীকৃত, পুন:গঠিত ও শক্তিশালী হয় তা নিশ্চিত করা।

• বৈষম্য বিরোধী আইনে জন্মগত যৌনবৈশিষ্ট্য মুক্ত করে আন্ত:লিঙ্গ জনগোষ্ঠিকে বৈষম্য থেকে রক্ষা করুন এবং বহুমাত্রিক বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা নিশ্চিত করুন।

• যৌন সহিংসতা ও হয়রানির বিষয়ে আইনগুলির মাধ্যমে আন্ত:লিঙ্গ মানুষদের রক্ষা করুন।

• আন্ত:লিঙ্গ ব্যাক্তিদের মধ্যে যারা প্রতিবন্ধী তাদের আইনী সুরক্ষা নিশ্চিৎ করুন।

• আন্ত:লিঙ্গ ব্যাক্তিদের মধ্যে যারা শরনার্থী রয়েছে, তাদের স্বীকৃতি দেয়া, তাদের বৈষম্য থেকে সুরক্ষা এবং উপযুক্ত মনো-সামাজিক পরিবেশের প্রয়োজন।

• বিবাহ ও দত্তক আইনগুলোতে আন্ত:লিঙ্গ মানুষদের সমান ও বৈষম্যহীণ আইনী সুরক্ষা নিশ্চিৎ করা ।

• কর্মক্ষেত্রের বৈষম্য থেকে অন্ত:লিঙ্গ মানুষদের রক্ষা করুন।

• আন্ত:লিঙ্গ মানুষ, তাদের পরিবার, আশেপাশের অঞ্চলের জন্য সহায়ক, নিরাপদ এবং উৎসব উৎযাপনের পরিবেশ সৃষ্টিতে সহায়তা করুন।

• আন্ত:লিঙ্গ মানুষ এবং তাদের পরিবারকে ক্ষমতায়নের জন্য মানবাধিকার ভিত্তিক আন্ত:লিঙ্গ সম্পর্কিত শিক্ষা ব্যাবস্থা করুন ।

• আন্ত:লিঙ্গ মানুষ ও তাদের পরিবারকে সহায়তা করা, যেন আন্ত:লিঙ্গ সম্প্রদায় সংযোগ স্থাপন ও নিজেদের গড়ে তুলতে পারে।

• আন্ত:লিঙ্গ মানুষদের নিজস্ব চিকিৎসা নথিপত্র, চিকিৎসা ইতিহাস, তথ্য দেখবার সম্পূর্নরুপে অধিকার রয়েছে তা নিশ্চিত করুন।

• নাগরিক ও সামাজিক প্রতিষ্ঠান যেমন: হাসপাতাল, শিক্ষা ও সরকারী প্রতিষ্ঠানের সাথে জড়িত থাকাকালীন অবস্থায় আন্ত:লিঙ্গ মানুষরা গোপনীয়তা রক্ষার অধীকার রাখে।

• আন্ত:লিঙ্গ মানুষদের সকল মানবাধিকার এবং নাগরিকত্বের অধীকার নিশ্চিত করুন।

• আন্ত:লিঙ্গ মানুষদের শারিরীক অখণ্ডতা এবং মঙ্গল নিশ্চিত করার লক্ষে স্বমন্বিত ও অনির্ধারিত মনো-সামাজিক এবং পর্যাপ্ত সহযোগীতা যেনো জীবনব্যাপি থাকে, তা নিশ্চিত করা।

• আন্ত:লিঙ্গ মানুষদের সেবা প্রদানে নির্দিষ্ট ভূমিকা নিতে পারে এমন সকল পেশাদার এবং স্বাস্থ্যসেবা প্রদানকারীরা মানসম্পন্ন পরিষেবা দেওয়ার জন্য পর্যাপ্ত প্রশিক্ষন পেয়েছে কিনা তা সুনিশ্চিত করুন।

• সহজলভ্য এবং উপযুক্ত স্বাস্থ্যসেবা সরবরাহ নিশ্চিত করা, যাতে আন্ত:লিঙ্গ মানুষ তাদের শারিরীক ও মানষিক স্বাস্থ্যের প্রয়োজন ও বিষয়গুলি পূরণ করতে পারে।

• আন্ত:লিঙ্গ শিশুরা যেন নারী বা পুরুষের মতো নিবন্ধিত হতে পারে সেই বিষয়ে সচেতনতা তৈরী করা।তারাও যাতে সকলের মতো আলাদা দৈহিক লিঙ্গ এবং সামাজিক লিঙ্গ পরিচয় নিয়ে বেড়ে উঠতে পারে।

• একটি সাধারন প্রশাসনিক পদ্ধতির মধ্যে দৈহিক লিঙ্গ এবং সামাজিক লিঙ্গ ভিন্নতা সংশ্লিষ্ট মানুষদের অনুরোধে যেনো সংশোধনযোগ্য হয় তা নিশ্চিৎকরা।সকল প্রাপ্তবয়স্কদের এবং সক্ষম অপ্রাপ্তবয়স্কদের লিঙ্গ  নির্ধারনের ক্ষেত্রে নারী (এফ) পুরুষ (এম) লিঙ্গ, অনির্ধারিত লিঙ্গ নির্ধারনে একাধিক পছন্দেরও সুযোগ থাকা উচিত ।ভবিষ্যতে জাতি বা ধর্মের মতো দৈহিক লিঙ্গ বা সামাজিক লিঙ্গের জন্য জন্ম সনদে বা পরিচয় সনাক্ত  করে এমন নথিপত্রে কারও জন্যই কোনপ্রকার ঘর থাকা উচিত নয়।

• আন্ত:লিঙ্গ মানুষদেও জন্য সকল মূল অংশীজনের নির্দিষ্ট কাজের ভূমিকা নিশ্চিৎ করা, যেমন: স্বাস্থ্যসেবা প্রদানকারী, পিতামাতা, শিক্ষাক্ষেত্রে কর্মরত পেশাদারীগন; তবে তা সীমাবদ্ধ নয়।পাশাপাশি সাধারণত সামাজিকভাবে মানবাধিকারের দৃষ্টি কোণ থেকে আন্ত:লিঙ্গ মানুষ সম্পর্কিত নির্দেশনা দেওয়া হয়।

• আন্ত:লিঙ্গ মানুষদের মৌলিক গোপনীয়তা এবং মর্যাদা ক্ষুন্ন করে এমন দৈহিক লিঙ্গ পরিচয় নির্ণয়কারী পরীক্ষাগুলোর অবসান ঘটানো।এবং নিশ্চিত করুন, তাদের আইনী লিঙ্গ অনুযায়ী সকল ক্ষেত্রে প্রতিযোগীতামূলক খেলাধুলায় অংশ নিতে যেনো সক্ষম হতে পারেন।আন্ত:লিঙ্গ ক্রীয়াবীদদের মধ্যে যারা লাঞ্ছিত বা যাদের পুরস্কার ছিনিয়ে নেওয়া হয়েছে তদের পুর্নবহাল করা উচিত।

• আন্ত:লিঙ্গ মানুষদের বিষয় এবং মানবাধিকার সম্পর্কে বৃহওর সমাজে সচেতনতা বৃদ্ধি করা।

• আন্ত:লিঙ্গ ব্যক্তিদের অভিজ্ঞতাগুলো বিবেচনা করে সমন্বিত  যৌনশিক্ষা চালু করা।পাশাপাশি সমস্ত স্তরে আন্ত:লিঙ্গ সম্পর্কে মানবাধিকার ভিত্তিক শিক্ষাব্যবস্থা করা।

• অতীতে আন্ত:লিঙ্গ মানুষদের দূর্ভোগ ও তাদের প্রতি অবিচারের স্বীকৃতি প্রদান করুন।এবং প্রতিকার পূর্নবাসন, ন্যায়বিচার এবং ন্যায্য অধীকার নিশ্চিৎ করুন।

### উপরের অভিমতগুলি থেকে “ইন্টারসেক্স এশিয়া”র আহবান :

• আন্তর্জাতিক, আঞ্চলিক এবং মানবাধিকার প্রতিষ্ঠানগুলো আন্ত:লিঙ্গ মানুষের অংশগ্রহনে, আন্ত:লিঙ্গ বিষয়গুলোতে দৃশ্যমানতা বৃদ্ধিতে কাজ করুন।

• জাতীয় পর্যায়ে “এশিয়ান ইন্টারসেক্স” আন্দলনে উত্থাপিত উদ্বেগের সমাধান করার জন্য আন্ত:লিঙ্গ প্রতিনিধি এবং সংস্থার সাথে সরাসরি সহযোগীতা বজায় রেখে প্রয়োজন মতো সমাধান করুন।

• জাতীয় পর্যায়ে সরকারের দায়িত্ব ক্ষতিকারক সংস্কৃতিক চর্চাগুলি বন্ধ করা।যেমন: আন্ত:লিঙ্গ শিশুহত্যা ও সম্মান রক্ষার্থে হত্যা।

• গোপনীয়তা রক্ষার অধীকার, মর্যাদা, সঠিক ও নৈতিক প্রতিনিধিত্ব মিডিয়াসংস্থা এবং আন্ত:লিঙ্গ সংযোগকরীদের নিশ্চিত করতে হবে।

• আন্ত:লিঙ্গ মানুষদের ঘিরে ভুল ধারনা এবং অপবাদ নিরসনে সমাজপতিদের আন্ত:লিঙ্গ সর্ম্পকে শিক্ষাদানে  সংযুক্ত করতে হবে ।

• দাতাসংস্থাগুলির সাথে আন্ত: লিঙ্গ প্রতিষ্ঠানগুলো সংযুক্ত করে তাদের মানবাধিকার নিশ্চিত করুন।

• মানবাধিকার সংস্থাগুলির সাথে সেতুবন্ধন নির্মাণে এবং পারস্পরিক সম্পর্কের একটি ভিত্তি তৈরী এবং অর্থবহ সর্ম্পক বৃদ্ধিতে অবদান রাখুন।

• এই সহযোগীতা মন থেকে করা হবে এবং আন্ত:লিঙ্গ অথবা সংশ্লিষ্ট ব্যক্তিকে ব্যবহার করে কোনো রকম সুবিধা গ্রহণ করা যাবে না।

**আরো তথ্যের  জন্য দয়া করে যোগাযোগ:** Hiker Chiu – Taiwan (Chinese, English): hiker@oii.tw; Gopi Shankar Madurai – India (English, Tamil, Malayalam dan Hindhi): br.gopishankar@gmail.com,  +918610539702, +919092282369, @gopishankarmdu; Nada Chaiyajit – Thailand (Thai and English): nada.chaiyajit@gmail.com; Small Luk – Hong Kong, China (Chinese, Cantonese, and English): ivysmall@ymail.com, +85251996331; Esan Regmi – Nepal (Nepali and English): esanregmi@gmail.com, +977 9861336738

**অনুবাদকারীর প্রতি কৃতজ্ঞতা:** আর,এফ,এস,এল এর সহযোগীতায়  প্রথম  ইন্টারসেক্স অনুবাদ প্রকল্পটি ইন্টারসেক্স এশিয়া দ্বারা শুরু করা হয়েছিল।প্রথম ইন্টারসেক্স বিবৃতি ও ইন্টারসেক্স ইউএন বিবরনী বাংলায় ভাবান্তর সম্পাদনের জন্য ইন্টারসেক্স এশিয়া বাংলাদেশের ইন্টারসেক্স কর্মী মোহাম্মদ রফিকুল ইসলাম কে ধন্যবাদ জানায়।

Produced by: intersex Asia

Allies:

Our Sponsors: RFSL, Astraea Lesbian Foundation for Justice, mama cash